রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ আশ্বিন ১৪১৩/০৮ অক্টোবর ২০০৬

এস, আর, ও নং ২৩৯/২০০৬।—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (সরকারের বিভিন্ন বিভাগ ও জনসাধারণের সহিত সম্পর্ক) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার ;

(খ) "উপ-পুলিশ কমিশনার" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, যুগ্ম-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(গ) "কমিশনার" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার ;



মূল্য ঃ টাকা ৪.০০

(ঘ) "সহকারী পুলিশ কমিশনার" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার এবং, ক্ষেত্রমত, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **ম্যাজিস্ট্রেসির সহিত সম্পর্ক।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তা ও ম্যাজিস্ট্রেটগণ ন্যায়বিচার প্রদানে একে অন্যের পরিপূরক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ ম্যাজিস্ট্রেটগণের সহিত বিনীত, আন্তরিক ও সুসামঞ্জস্যপূর্ণ সম্পর্ক বজায় রাখিবেন।

৪। **পাবলিক প্রসিকিউটর ও সরকারী উকিলের সহিত সম্পর্ক।**—(১) উপ-পুলিশ কমিশনার (ডিটেকটিভ ব্রাঞ্চ) ও অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) সলিসিটর, পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটর ও সরকারী উকিলগণের সহিত ঘনিষ্ট সম্পর্ক বজায় রাখিবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্ত করে এইরূপ কোন গুরুত্বপূর্ণ বা জটিল আইনী প্রশ্নের উদ্ভব হইলে ডিটেকটিভ ব্রাঞ্চের উপ-পুলিশ কমিশনার বা অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার উক্ত বিষয়ে সলিসিটর, পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটর এবং, ক্ষেত্রমত, সরকারী উকিলের সহিত স্বাধীনভাবে পরামর্শ করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন পরামর্শ চাওয়া হইলে সলিসিটর, পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটর ও সরকারী উকিলগণ ঢাকা মেট্রোপলিটন পুলিশের সংশ্লিষ্ট কর্মকর্তাকে উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (২) এর অধীন কোন পরামর্শ গ্রহণের ক্ষেত্রে সলিসিটর, পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটর বা সরকারী উকিলগণকে ফিস প্রদান করা যাইবে না।

৫। **অন্যান্য সরকারী কর্মকর্তাগণের সহিত সম্পর্ক।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ সকল সরকারী কর্মকর্তার সহিত আন্তরিক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রক্ষা করিবেন এবং তাহাদিগকে যথাসাধ্য আইনগত পুলিশী সহায়তা প্রদান করিবেন।

৬। **জনপ্রতিনিধিদের সহিত সম্পর্ক।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ ঢাকা মেট্রোপলিটন এলাকার ওয়ার্ড কমিশনার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহিত সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখিবেন এবং এলাকার উন্নয়ন ও আইন-শৃংখলা বজায় রাখিবার জন্য আহূত আইনশৃংখলা বা অপরাধ নিয়ন্ত্রণ বিষয়ক সভায় তাঁহাদিগকে আমন্ত্রণ জানাইবেন এবং তাঁহাদের বক্তব্য শ্রবণ করিবেন।

৭। **অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণের সহিত সম্পর্ক।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশে কর্মরত সকল পুলিশ কর্মকর্তা তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের মধ্যে বসবাসরত অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণের সহিত যোগাযোগ রাখিবেন এবং তাহাদের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখিবেন।

(২) অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণ কোন আইনগত পুলিশী সহায়তা চাইলে, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ তাহাদের সহিত নম্র ব্যবহার করিবেন ও যথাসম্ভব আন্তরিকভাবে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

(৩) অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের জ্ঞান ও অভিজ্ঞতা কাজে লাগানো সম্ভব হইলে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ, বিশেষভাবে জোনাল সহকারী পুলিশ কমিশনার ও ঢাকা মেট্রোপলিটন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ উহা গ্রহণ করিতে পারিবেন।

(৪) অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণের একটি তালিকা উপ-পুলিশ কমিশনার (হেডকোয়ার্টার্স) এর অফিসে সংরক্ষণ করিতে হইবে এবং উপ-পুলিশ কমিশনার (হেডকোয়ার্টার্স) উক্ত অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণকে conference, ceremonial parade, rising base ও অন্যান্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানাইবেন।

(৫) অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণ ঢাকা মেট্রোপলিটন পুলিশে কর্মরত পুলিশ কর্মকর্তাগণের নিকট তাহাদের ঠিকানা ও টেলিফোন নম্বর প্রদানের মাধ্যমে তাহাদের সহিত যোগাযোগ রক্ষা করিবেন।

৮। **জনসাধারণের প্রতি আচরণ।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল পদধারী পুলিশ সদস্য বর্তব্য পালনের সময় সকল শ্রেণীর জনগণের প্রতি সহিষ্ণুতা, সৌজন্যবোধ ও বিনম্রতা প্রদর্শন করিবেন এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ তাহাদের অধঃস্তনদিগকে দায়িত্ব পালনের সময় জনসাধারণের প্রতি শ্রদ্ধা ও আস্থা অর্জনের জন্য উদ্বুদ্ধ করিবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন সদস্য জনসাধারণের সহিত অশিষ্টতা, কর্কশতা ও নিষ্ঠুরতা প্রদর্শন করিবেন না এবং কোন পুলিশ সদস্য ইহার ব্যত্যয় ঘটাইলে উচ্চ পদস্থ কর্মকর্তাগণ দোষী ব্যক্তির বিরুদ্ধে যথাযথ শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণের জন্য আশু পদক্ষেপ গ্রহণ করিবেন।

৯। **পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ।**—(১) উর্ধ্বতন কোন পুলিশ কর্মকর্তার নোটিশে অধীনস্থ কোন পুলিশ কর্মকর্তার গুরুতর অসদাচারণের অভিযোগ আসিলে, তিনি উহা তাৎক্ষণিকভাবে উপ-পুলিশ কমিশনারের নিকট রিপোর্ট করিবেন এবং উপ-পুলিশ কমিশনার উহা অবিলম্বে কমিশনারকে রিপোর্ট করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন অভিযোগ উপ-পুলিশ কমিশনারের নিকট আনীত হইলে, প্রয়োজনীয় ক্ষেত্রে, নিজে স্থানীয়ভাবে বিভাগীয় তদন্ত করিবেন বা, যদি তিনি নিজে ইহা না করিতে পারেন, তাহা হইলে যে কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে তাহার উর্ধ্বতন একজন কর্মকর্তা কর্তৃক তদন্তের নির্দেশ দিবেন।

১০। **আদালত কর্তৃক মন্তব্য ও গৃহিতব্য ব্যবস্থা।**— (১) মেট্রোপলিটন দায়রা আদালত বা চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের অধীনস্থ কোন আদালত পুলিশের দায়িত্ব সম্পর্কিত কোন বিষয়ে উহার মতামত রেকর্ড করিলে বা কোন পুলিশ কর্মকর্তার আচরণ সম্পর্কে অনুকূল বা বিরূপ মন্তব্য করিলে, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার উহার একটি কপি সংগ্রহ করিবেন এবং উহা সংশ্লিষ্ট উপ-পুলিশ কমিশনারের নিকট প্রেরণ করিয়া তাহার অফিসে রক্ষিত কোর্ট কমেন্টস্ রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত করিবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ঢাকা মেট্রোপলিটন এলাকায় বাহিরের কোন পুলিশ কর্মকর্তা হইলে, সংশ্লিষ্ট এলাকার উপ-পুলিশ কমিশনারের সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তার নিকট উহার কপি প্রেরণ করিবেন।

(২) উপ-পুলিশ কমিশনার কোন ব্যবস্থা গ্রহণ করিলে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার তাহা সংশ্লিষ্ট রেজিস্টারে অন্তর্ভুক্ত করিবেন এবং উপ-পুলিশ কমিশনারকর্তৃক কৃত কোন বিরূপ মন্তব্য সম্পর্কে অধিকতর তদন্ত প্রয়োজন মনে করিলে অবিলম্বে তাহা সম্পাদন করিবেন এবং উক্তরূপ তদন্তের পর যদি দেখা যায় যে, সংশ্লিষ্ট কর্মকর্তা গুরুতর অসদাচরণ করিয়াছেন তাহা হইলে, বিষয়টি মিসকন্ডাক্ট রেজিস্টারে অন্তর্ভুক্ত করিবেন এবং প্রতি মাসে একবার উহা কমিশনারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাহাঙ্গীর হোসেন চৌধুরী
উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।